




### অফিস আদেশ

চাকলা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পারখাজুরা, উপজেলাঃ মণিরামপুর, জেলাঃ যশোর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.০১.২০১৯ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

### শর্তসমূহ :

- ১। মাদরাসার ক্যাম্পাসকে সুন্দর ও শিক্ষামূলক পরিবেশ নিশ্চিত করতে হবে।
- ২। লাইব্রেরীতে মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট বইসহ পাঠ্যক্রম সংশ্লিষ্ট মূল বই বৃদ্ধি করতে হবে।
- ৩। শিক্ষক ও শিক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
- ৪। ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৫। বিভিন্ন শিক্ষামূলক বিষয়ের উপর গবেষণাধর্মী সেমিনারের আয়োজন করতে হবে।
- ৬। জাতীয় দিবসগুলোতে বিষয়ভিত্তিক আলোচনা সভা ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৭। দ্বৈত ভর্তির ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- ৮। শিক্ষার্থীদের ক্লাসমুখী করে যথাসময়ে সিলেবাস সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৯। শিক্ষার্থীদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করে দেশের কল্যাণে কাজ করতে উৎসাহিত করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

  
১২.০৫.২০১৯

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

চাকলা ফাজিল মাদরাসা

ডাকঘরঃ পারখাজুরা, উপজেলাঃ মণিরামপুর, জেলাঃ যশোর।

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, চাকলা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পারখাজুরা, উপজেলাঃ মণিরামপুর, জেলাঃ যশোর।
- ৮। অফিস নথি।